আমাদের সময়

তারিখ: 09 MAR 2016
পৃষ্ঠা: ৩ কলাম: ২

একনেকে প্রকল্প অনুমোদন

# উপবৃত্তি পাবে ১ কোটি ৩০ লাখ শিক্ষার্থী

নিজস্ব প্রতিবেদক ●
দেশের প্রাক-প্রাথমিক ও ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণিসহ প্রাথমিক বিদ্যালয়ের ১ কোটি ৩০ লাখ শিক্ষার্থীকে উপবৃত্তির আওতায় আনছে সরকার। এ জন্য তৃতীয়বারের মতো প্রকল্প অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। এসব শিক্ষার্থীর পেছনে ব্যয় হবে ৩ হাজার ৬৭ কোটি ৩৯ লাখ টাকা। দেশের ৪৮৬টি উপজেলার প্রাথমিক স্কুলে এই উপবৃত্তি দেওয়া হবে।

প্রাথমিক বিদ্যালয়ে গমন উপযোগী দরিদ্র পরিবারের শিশুদের ভর্তি ও উপস্থিতির এরপর পৃষ্ঠা ৬ কলাম ৩

## উপবৃত্তি পাবে ১ কোটি

(৩ এর পৃষ্ঠার পর) হার বৃদ্ধি, ঝরে পড়া রোধ এবং প্রাথমিক শিক্ষার গুণগত মানোন্নয়ন এ প্রকল্পের অন্যতম লক্ষ্য বলে জানান পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। গতকাল রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনার সভাপতিত্বে এ প্রকল্পসহ মোট ১৬টি উন্নয়ন প্রকল্পের অনুমোদন দেওয়া হয়। এসব প্রকল্প বাস্তবায়নে প্রাক্কলিত ব্যয় ধরা হয়েছে ১৬ হাজার ৮৮৭ কোটি ৮১ লাখ টাকা। এর মধ্যে ১৪ হাজার ৪১ কোটি ২৭ লাখ টাকা সরকারের নিজস্ব তহবিল থেকে মেটানো হবে। এ ছাড়া ৫৯৬ কোটি ২৭ লাখ টাকা সংস্থার নিজস্ব তহবিল এবং ২ হাজার ২৫০ কোটি ২৭ লাখ টাকা প্রকল্প সাহায্য থেকে মেটানো হবে।

একনেক সভা শেষে পরিকল্পনামন্ত্রী সাংবাদিকদের জানান, গ্রামীণ এলাকায় বিদ্যুৎ সরবরাহ করার মাধ্যমে অর্থনৈতিক কর্মকাণ্ডের প্রসার, ক্ষুদ্র পরিসরে শিল্পায়ন ও নতুন কর্মসংস্থান সৃষ্টি করে গ্রামীণ জনগণের জীবনযাত্রার মানোন্নয়নের জন্য ৬ হাজার ৯১৫ কোটি ৪১ লাখ টাকা ব্যয়ে ১৫ লাখ গ্রাহককে নতুন করে বিদ্যুৎ সংযোগ দেওয়া হবে। ফলে দেশের ৮২ শতাংশ মানুষ বিদ্যুতের আওতায় আসবে।